সে জনই পশু। পূর্ব্বে তোমার নিকটে যে সকল চরিত্র বর্ণনা করিলাম, সেই সকল পুরাবৃত্তের মধ্যে সংসার-ধ্বংসিনী ভগবৎকথাসুধা কর্ণাঞ্জলি দ্বারা পান করিয়া নরেতর পশুভিন্ন কোন্ জন বিরত হয়? তাহা হইলে যে জন সুধাধারার মত শ্রীহরির কথায় বিরত হয়, সেইজনই পশু। শ্রীলমৈত্রেয় ঋষির উক্তিতেও শ্রীহরিকথা শ্রবণ-কীর্ত্তনে বিরত মনুষ্যকে পশু বলিয়া ঘৃণ্য মধ্যে পরিগণনারূপ তাৎপর্য্য প্রকাশ পাইয়াছে। ২৫২।

অথ লীলাশ্রবণম্—জ্ঞানং যদা প্রতিনিবৃত্ত গুণোর্ম্মিচক্রমাত্মপ্রসাদ উভয়ত্র গুণেষ্বসঙ্গ। কৈবল্যসম্মতপথস্ত্বথ ভক্তিযোগঃ কো নির্বৃতো হরিকথাসু রতিং ন কুর্য্যাৎ॥ ২৫৩।

যৎ যাসু কথাসু জ্ঞানং ভবতি কীদৃশম্, আ সর্ব্বতঃ প্রতিনিবৃত্তম্ উপরতং গুণোর্ম্মীণাং রাগাদীনাং চক্রং সমূহো যস্মাৎ। যতো যত্র যাসু কথাসু তদ্ধেতুরাত্মপ্রসাদশ্চ তৎপ্রসাদহেতুর্বিষয়ানাসক্তিশ্চ. কিঃ বহুনা, তৎফলং যৎ কৈবল্যং তদপি, ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ইত্যাদ্যুক্ত্যনুসারেণ, সম্মতঃ পন্থা প্রাপ্তিদ্বারং যত্র সঃ প্রেমাখ্যো ভক্তি-যোগোঽপি. যাসু শ্রুতমাত্রাসু তত্তদনপেক্ষ্যৈব ভবতি, তাসু হরিকথাসু তচ্চরিতেষু কঃ শ্রবণসুখেন নির্বৃতঃ সন্ অন্যত্রানির্বৃতো বা রতিং রাগং ন কুর্য্যাৎ॥ ২৫৩॥

অনন্তর লীলাশ্রবণ মাহাত্ম্য বলিতেছেন—২।৩।১২ শ্লোকে শ্রীশুকমুনি পরীক্ষিৎ মহারাজকে কহিয়াছিলেন—হে রাজন! যে ভাগবত সঙ্গ হইতে শ্রীহরিকথায় রতির উদয় হয়, সেই শ্রীহরিকথার মহিমা শ্রবণ কর। যে হরিকথা শ্রবণে জ্ঞানের উদয় হয়, সেই জ্ঞানটি আবার কি প্রকার – তাহারই পরিচয় করাইতেছেন – "অপ্রতিনিবৃত্তগুণোর্ম্মিচক্রম্" অর্থাৎ যে জ্ঞানে রাগ প্রভৃতি গুণতরঙ্গসমূহের সম্যক্‌রূপে নিবৃত্তি হইয়া আর উদয় হয় না। যে শ্রীহরিকথাতে আত্মপ্রসাদ লাভ হয়, সে আত্মপ্রসাদে বিষয়-অনাসক্তি আনিয়া দেয়। অধিক কি বলিব, "ব্রহ্মভূতঃপ্রসন্নাত্মা" ইত্যাদি শ্রীভগবদ্গীতার উক্ত শ্লোকে যে কৈবল্যকে প্রেমভক্তিপ্রাপ্তির দ্বাররূপে উল্লেখ করিয়াছেন, অর্থাৎ যে আত্মারাম ও আপ্তকাম অবস্থা প্রাপ্ত না হইলে শ্রীভগবানে প্রেমভক্তি লাভ হয় না, সেই কৈবল্যও ভক্তের অননুসন্ধানে লাভ হইয়া থাকে। অনন্তর শ্রীহরিচরণে প্রেমভক্তি উদয় হয়—এমন শ্রীহরিকথা অর্থাৎ ভগবদ্ চরিত শ্রবণসুখে সুখী হইয়া অথবা অন্যত্র বিরত হইয়া একমাত্র তাহাতেই (শ্রীহরিকথাতেই) কোন্ জন রতি অর্থাৎ রাগ না করিয়া থাকিতে পারে? ২৫৩।*

কিং বহুনা এতদর্থমিবাস্য মহাপুরাণাবির্ভাব ইতি, ভবতানুদিতপ্রায়ং যশো ভগবতোঽমলমিত্যাদৌ, সমাধিনানুস্মর তদ্বিচেষ্টিতমিত্যাদৌ চ বর্ণিতম্। সা চ লীলা দ্বিবিধা; সৃষ্ট্যাদিরূপা লীলাবতারবিনোদরূপা চ। তয়োরন্তরা তু প্রশস্ততরেত্যাশয়ে-